

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ২১৪ (অংশ).২০০৬- ২০৪৪

তারিখঃ ১৩-০৪-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৭৪০৯/২০০৬ মামলার রায় হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৪৭/২০১৬ মোকদ্দমার গত ০৪-০৪-২০১৭খ্রিঃ তারিখের আদেশ।


সূত্রঃ (১) আইন-১ অধিশাখার স্মারক নং- স্মারক ৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ২১৪ (অংশ).২০০৬-২৫৫৩ তারিখঃ ০৮-০৬-২০১৭ খ্রিঃ।
(২) তারিখঃ ১৮-০৪-২০১৭খ্রিঃ, সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৭৪০৯/২০০৬ মামলার রায় হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৪৭/২০১৬ মোকদ্দমার গত ০৪-০৪-২০১৭খ্রিঃ তারিখের আদেশের কপি এ সাথে প্রেরণ করা হলো। বর্ণিত ৭৪০৯/২০০৬নং রীট পিটিশনের ২০-০৯-২০০৭খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত ব্যবস্থার অগ্রগতি প্রতিবেদন পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি প্রতিবেদন পাওয়া যায়নি। উল্লেখ্য, বর্ণিত রীট মামলায় প্রদত্ত মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের জন্য গত ০৪-০৪-২০১৭খ্রিঃ তারিখের আদেশে পুনরায় তাগিদ দেয়া হয়েছে। বর্ণিত বিষয়ে শেষবারের মতো তাগিদ দেয়া হয়েছে মর্মে আদেশে উল্লেখ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের ৭৪০৯/২০০৬নং রীট পিটিশনের ২০-০৯-২০০৭খ্রিঃ তারিখের রায় বাস্তবায়নে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত ব্যবস্থার অগ্রগতি পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে অবহিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ বর্ণনামতে ফর্দ।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
☎ ৯৫৪০৯৯৫

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ০২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। উপসচিব (সিটি কর্পোরেশন-১) শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। জনাব এস.কে. শফিক মাহমুদ পুস্প, বিজ্ঞ প্যানেল আইনজীবী, স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৭। অফিস কপি।